বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ শোয়েব<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ২১ এপ্রিল, ২০২২ |
| সভার সময় | ১০.০০ ঘটিকা |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া। |
| উপস্থিতি | কোম্পানির সকল মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড ইনচার্জ (তালিকা সংযুক্ত) |

সভাপতি এপ্রিল, ২০২২ মাসে অনুষ্ঠিত কোম্পানির ৬৫তম মাসিক সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান। সভায় তিনি উল্লেখ করেন যে, মাসিক সমন্বয় সভা কোম্পানির সার্বিক কর্মকাণ্ড পরিচালনার ক্ষেত্রে সফলতা অর্জন এবং সমস্যা ও উত্তরণের উপায় নির্ধারণে বিশেষ ভূমিকা রাখে। এজন্য পেট্রোবাংলার নির্দেশনা মোতাবেক মাসিক সমন্বয় সভা নিয়মিত অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। পাশাপাশি, পেট্রোবাংলার পরিচালক মহোদয়গণের মধ্য হতে পেট্রোবাংলার কোম্পানিসমূহের সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণের জন্য 'লাইন ডিরেক্টর' নিয়োজিত আছেন যার মধ্যে বিজিএফসিএল-এর 'লাইন ডিরেক্টর' হিসেবে পরিচালক (পরিকল্পনা) মহোদয় রয়েছেন। তিনি কোম্পানির সার্বিক কার্যক্রম বিষয়ে অবগত থেকে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সদয় দিক নির্দেশনা প্রদান করেন। ফলে, সমন্বয় সভাসহ কোম্পানির অন্যান্য কর্মকাণ্ড সম্পর্কে পেটোবাংলার পরিচালক (পরিকল্পনা) মহোদয়কে অবহিত করতে হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী ক্রমান্বয়ে উপস্থাপনের জন্য কোম্পানি সচিব-কে আহ্বান জানান এবং সিদ্ধান্তসমূহের উপর বাস্তবায়ন অগ্রগতি/আলোচনা-পর্যালোচনা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করেন।

<u>আলোচনা</u>:

কোম্পানি সচিব সকলকে শুভেচ্ছা জানিয়ে মার্চ ২০২২ মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। উক্ত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.০। | অপারেশন ডিভিশন: | | |
| ২.১। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমি দখলমুক্ত রাখার নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ভূমিসমূহ চিহ্নিত করে প্রায় ৮০টি স্থায়ী খুঁটি বসানো হয়েছে এবং আরো কিছু খুঁটি বসানোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উপর্যুক্ত এলাকাসমূহ নিয়মিত পর্যবেক্ষণের জন্য নতুনভাবে একটি কমিটি গঠন করা হয়েছে এবং পরিদর্শন রেজিস্টারের মাধ্যমে নিয়মিত পরিদর্শনের বিষয়টি নিশ্চিত করা হচ্ছে। অতিরিক্ত ২জন ওয়াচম্যান নিয়োজিত করা হয়েছে। কোম্পানির Right of way তে নতুনভাবে দখলদারিত্ব বা স্থাপনা নির্মাণের উদ্যোগ পরিলক্ষিত হলে তাৎক্ষণিক বাঁধা প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সভা আরো অবহিত হয় যে, কোম্পানির মালিকানাধীন ভূমিতে বিদ্যমান অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদের নিমিত্ত ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমিতে নির্মিত অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যবস্থা করতে হবে। নতুনভাবে যেন আর কোন অবৈধ স্থাপনা তৈরি হতে না পারে সেজন্য গৃহীত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (তিতাস-দঃ)/ (নিরাপত্তা)। |

| | | | |
|---|---|---|---|
| ২.২। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির বিভিন্ন স্থাপনার নিরাপত্তা ব্যবস্থায় ১৫৩টি সিসিটিভি রয়েছে। কেপিআই প্রতিষ্ঠান হিসেবে নিরাপত্তা ব্যবস্থায় পর্যাপ্ত পরিমাণ সিসিটিভি সংযোজনের সরকারি নির্দেশনার পরিপ্রেক্ষিতে কোম্পানি কর্তৃক গঠিত কমিটি সরেজমিন পরিদর্শন করে আরো ৩০৭টি সিসিটিভি সংযোজনের প্রস্তাব করে। তদ্প্রেক্ষিতে, প্রধান কার্যালয় ও তিতাস ফিল্ডের জন্য প্রয়োজনীয় সংখ্যক আপগ্রেডেড সিসিটিভি ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়। বর্তমানে ক্রয় কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।<br><br>বিভিন্ন ফিল্ডের প্রধানগণ সভাকে অবহিত করেন যে, ফিল্ডসমূহে সিসিটিভি রয়েছে এবং ফিল্ড ইনচার্জগণ ইন্টারনেট মাধ্যমে সংযুক্ত আছেন। ফিল্ডসমূহে আরো কিছু সিসিটিভি সংযোজনের নিমিত্ত মুলধনী বাজেটে অর্থের সংস্থান রাখা হয়েছে। | প্রধান কার্যালয় এবং তিতাস ফিল্ডের জন্য প্রস্তাবিত সিসিটিভিসমূহের ক্রয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>হবিগঞ্জ, নরসিংদী ও বাখরাবাদ ফিল্ডের সিসিটিভি সংযোজন কাজ বাজেট অনুমোদন সাপেক্ষে ক্রমান্বয়ে সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ |
| ২.৩। | নরসিংদী ফিল্ড : | | |
| | সভাকে অবহিত করা হয় যে, নরসিংদী ফিল্ড সংলগ্ন ঢাকা-সিলেট মহাসড়কের লেন বৃদ্ধিকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং এ জন্য নরসিংদী-এ লোকেশনের সম্মুখভাগের প্রায় ৬০-৭০ ফুট জায়গা অধিগ্রহণ হতে পারে বলে জানা গেছে। এ পরিপ্রেক্ষিতে উক্ত ফিল্ডের প্রবেশ মুখসহ বাউন্ডারি ও অন্যান্য বিষয়ে কোম্পানির একটি পুরকৌশল-পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ঢাকা-সিলেট মহাসড়কের লেন বৃদ্ধিকরণ কার্যক্রমে নরসিংদী-এ লোকেশনের সম্মুখভাগের ভূমি অধিগ্রহণ সংক্রান্ত সার্বিক তথ্য সংশ্লিষ্ট সরকারি দপ্তর হতে সংগ্রহ করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল)/(নরসিংদী) |
| ৩.০। | পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন : | | |
| ৩.১। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের লক্ষ্যে পুনঃ দরপত্র বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত ৫টি দরপত্রের কারিগরি এবং আর্থিক মূল্যায়ন সম্পাদন করা হচ্ছে। | তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/ (পিডি) এবং<br>উপ-মহাব্যবস্থাপক (সিভিল)/ (ইএস) |
| ৩.২। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগে Fire License রয়েছে। তাছাড়া, প্রকল্পের কাজে বিস্ফোরক ও radioactive materials আমদানির জন্য লাইসেন্স গ্রহণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে, ব্যবস্থাপনা পরিচালক গ্যাস প্রসেস প্লান্টসমূহের জন্য পৃথক পৃথক Fire License এবং Environment License সংগ্রহ করা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন। | কোম্পানির ফিল্ড/স্থাপনাসমূহের জন্য Fire License এবং Environmental License সংগ্রহ করার বিষয়ে বিস্তারিত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)এবং উপ-মহাব্যবস্থাপক (ইএস) ও সকল ফিল্ড ইনচার্জ |

| | | | |
|---|---|---|---|
| ৩.৩। | সভাকে অবহিত করা হয় যে, প্রকল্প সমাপনান্তে left-over মালামাল অন্য প্রকল্পে বা কোম্পানির কাজে ব্যবহারের নিমিত্ত প্রচেষ্টা অব্যাহত আছে।<br>প্রকল্পের left-over মালামালের তালিকা স্টোরস বিভাগের স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারে রয়েছে এবং এর কপি মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নয়ন) মহোদয়ের দপ্তরে প্রেরণ করা হয়েছে।<br><br>প্রকল্পের left-over বিভিন্ন পাইপসমূহ বিক্রয়ের ব্যবস্থা করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।<br><br>গত সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প-কনসালটেন্ট নিয়োগের TOR-এ প্রকল্প সমাপ্তকালে ব্যবহারযোগ্য ও স্ক্র্যাপসহ left-over মালামালের তালিকা প্রণয়নপূর্বক জমা প্রদানের শর্ত সংযোজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | প্রকল্প সমাপনান্তে left-over মালামাল অন্য প্রকল্পে বা কোম্পানির কাজে ব্যবহারের নিমিত্ত অধিকতর প্রচেষ্টা চালাতে হবে।<br><br>প্রকল্প-কনসালটেন্ট নিয়োগের TOR-এ প্রকল্প সমাপ্তকালে ব্যবহারযোগ্য ও স্ক্র্যাপসহ left-over মালামালের তালিকা প্রণয়নপূর্বক জমা প্রদানের শর্ত সংযোজন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) ও সকল মহাব্যবস্থাপক এবং উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও সকল প্রকল্প পরিচালক |
| ৪.০। | রক্ষণাবেক্ষণ ডিভিশন : | | |
| ৪.১। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানি জন্য ১০০ জিবি সফটওয়্যার অপারেটিং স্পেস ও ১০০ জিবি ডাটা স্টোরেজ স্পেস সম্বলিত ওয়েব ক্লাউড সংগ্রহ করা হচ্ছে। ওয়েব ক্লাউড প্রাপ্তির পর কোম্পানির বিভিন্ন সফটওয়্যার এর অনলাইন অপারেটিং ও ডাটা স্টোরেজ কার্যক্রম পরিচালনার বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। | ওয়েব ক্লাউড সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করে মহাব্যবস্থাপক (মেইন্টঃ) কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করবেন।<br><br>ওয়েব ক্লাউডের মাধ্যমে কোম্পানির বিভিন্ন সফটওয়্যার এর অনলাইন অপারেটিং ও ডাটা স্টোরেজ কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং কমিটির সদস্যবৃন্দ ও উপ-মহাব্যবস্থাপক (হিসাব) |
| ৫.০। | টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন: | | |
| ৫.১। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির বিভিন্ন ফিল্ড/স্থাপনার পরিষ্কার-পরিচ্ছন্নতা অব্যাহত রাখতে পুরনো/ভাঙ্গা/জংধরা স্ক্র্যাপ মালামালসমূহ অপসারণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br><br>তাছাড়া, কোম্পানির অবলোপন/অপসারণ/নিলামে বিক্রয়যোগ্য পণ্যের সারণী প্রণয়নের জন্য পেট্রোবাংলার সংশ্লিষ্ট কমিটি বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | কোম্পানির বিভিন্ন ফিল্ড/স্থাপনার পরিষ্কার-পরিচ্ছন্নতা অব্যাহত রাখতে পুরনো/ভাঙ্গা/জংধরা স্ক্র্যাপ মালামালসমূহ জরুরি ভিত্তিতে যথাযথ বিধি অনুসরণপূর্বক অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>কোম্পানির সকল ধরণের অবলোপন/ অপসারণ/ নিলামে বিক্রয়যোগ্য পণ্যের সারণী প্রণয়নের জন্য পেট্রোবাংলার সংশ্লিষ্ট কমিটি বরাবর পত্র প্রেরণ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং সকল ফিল্ড ইনচার্জ |
| ৫.২। | বৈদেশিক সংগ্রহ বিভাগ : | | |
| | কোম্পানির বৈদেশিক সংগ্রহ কার্যক্রমে বিদ্যমান আন্তর্জাতিক দরপত্র মূল্যায়ন কমিটি (Foreign Procurement Evaluation Committee) পুনর্গঠন করা প্রয়োজন মর্মে উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) সভার দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>আলোচনাক্রমে কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা রয়েছে উল্লেখপূর্বক ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রাপ্ত দরপত্রের মূল্যায়নের মধ্যবর্তী সময়ে ৩ সদস্য-বিশিষ্ট একটি কমিটি গঠন এবং কমিটি কর্তৃক সংশ্লিষ্ট কাজের আপডেট প্রাক্কলিত ব্যয় প্রণয়ন করে মুখবন্ধ খামে ব্যবস্থাপনা পরিচালক বরাবর জমা প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে। পিপিআর-এ বিষয়টি রয়েছে মর্মে সভা অবহিত হয়। | কোম্পানির বৈদেশিক সংগ্রহ কার্যক্রমে বিদ্যমান আন্তর্জাতিক দরপত্র মূল্যায়ন কমিটি (Foreign Procurement Evaluation Committee) পুনর্গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রাপ্ত দরপত্রের মূল্যায়নের মধ্যবর্তী সময়ে ৩ সদস্য-বিশিষ্ট একটি কমিটি গঠন এবং উক্ত কমিটি কর্তৃক সংশ্লিষ্ট কাজের আপডেট প্রাক্কলিত ব্যয় প্রণয়ন করে মুখবন্ধ খামে ব্যবস্থাপনা পরিচালক বরাবর জমা প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(প্রশাসন) এবং উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) |
| ৫.৩। | পুরকৌশল বিভাগ : | | |

| | | | |
|---|---|---|---|
| | সরকারের রাস্তা প্রশস্তকরণ এবং ফ্লাইওভার নির্মাণ কার্যক্রমের পরিপ্রেক্ষিতে কোম্পানির প্রধান কার্যালয়ের প্রবেশমুখ/সম্মুখভাগে এর প্রভাব/পরিস্থিতি সম্পর্কে সভায় আলোচনা হয়। প্রধান কার্যালয়ের সৌন্দ্যর্যতা রক্ষার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ফ্লাইওভারের উত্তরাংশের অবনমন প্রান্ত কোথায় হচ্ছে তা সুনিশ্চিত হওয়া প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | সরকারের নির্মাণাধীন ফ্লাইওভারের উত্তরাংশের অবনমন প্রান্ত কোথায় হচ্ছে, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করে তার সুনির্দিষ্ট তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস) এবং উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) |
| ৬.০। | প্রশাসন ডিভিশন: | | |
| ৬.১। | সভাকে অবহিত করা হয় যে, সংগৃহীত সার্ভিস রেকর্ড সফটওয়্যারে প্রায় সকল কর্মকর্তা ও কর্মচারীর ডাটা এন্ট্রি কার্যক্রম সম্পন্ন হয়েছে। কয়েকজন উর্ধ্বতন কর্মকর্তার ডাটা এন্ট্রি কার্যক্রম সম্পাদনযোগ্য আছে, যা আগামী ১ সপ্তাহের মধ্যে সম্পন্ন হবে। | সংগৃহীত সফটওয়্যারের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের সার্ভিস রেকর্ড সুষ্ঠু ও যথাযথভাবে পরিচালন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)/সংস্থাপন |
| ৬.২। | সভাকে অবহিত করা হয় যে, অফিস সময়সূচী যথাযথভাবে অনুসরণের হার সন্তোষজনক হলেও কিছু কিছু ব্যত্যয় পরিলক্ষিত হয়। ব্যবস্থাপনা পরিচালক এক্ষেত্রে প্রথমে মৌখিকভাবে সতর্ককরণ এবং তদপরবর্তীতে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। পাশাপাশি সকল কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক অফিসে ড্রেসকোড অনুসরণের বিষয়ে সচেতন ও তৎপর থাকার জন্য ডিভিশনাল ও বিভাগীয় প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করেন। | কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক অফিস সময়সূচী যথাযথভাবে অনুসরণ এবং ড্রেসকোড মেনে চলার বিষয়ে ডিভিশনাল এবং বিভাগীয় প্রধানগণকে তৎপর ও সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক |
| ৬.৩। | পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/Endorsement করার নিমিত্ত পেট্রোবাংলার উক্ত সারণি একটি ফরওয়ার্ডিং পত্রসমেত সংগ্রহ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/ Endorsement করার নিমিত্ত পেট্রোবাংলার উক্ত সারণি একটি ফরওয়ার্ডিং পত্রসমেত সংগ্রহের ব্যবস্থা করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৬.৪। | কোম্পানির বিভিন্ন ডিভিশন/বিভাগ/শাখার কম্পিউটার চাহিদার বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। সভা অবহিত হয় যে, অনুমোদিতব্য TOE তে সকল কর্মকর্তার জন্য ডেক্সটপ কম্পিউটার এবং সকল বিভাগীয় প্রধানের জন্য ডেক্সটপ/ল্যাপটপ কম্পিউটারের সংস্থান রয়েছে। বাজেট অনুমোদন সাপেক্ষে পর্যায়ক্রমে যাচিত সংখ্যক কম্পিউটার সংগ্রহ করা যাবে। | অনুমোদিত TOE-এর কপি সকল ডিভিশনাল প্রধানকে প্রদান করতে হবে। বাজেট অনুমোদন সাপেক্ষে পর্যায়ক্রমে বিভিন্ন ডিভিশন ও বিভাগ কর্তৃক যাচিত সংখ্যক কম্পিউটার সংগ্রহ করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৬.৫। | নিরাপত্তা বিভাগ : | | |
| | সভা কোম্পানির নিরাপত্তা প্রহরীর সংকটের বিষয়টি অবহিত হয়। কোম্পানির সার্বিক নিরাপত্তার স্বার্থে নিয়োগ প্রক্রিয়া তরান্বিত করার পাশাপাশি প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োজিত করার নিমিত্ত ব্রাহ্মণবাড়িয়া জেলা আনসার অ্যাডজুটেন্ট-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে পরামর্শ প্রদান করা হয়। | কোম্পানির সার্বিক নিরাপত্তার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োজিত করতে হবে এবং এ লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া জেলা আনসার অ্যাডজুটেন্ট-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। কোম্পানির নিয়োগ প্রক্রিয়া তরান্বিত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৬.৬। | মেডিক্যাল বিভাগ : | | |

| | | | |
|---|---|---|---|
| | সভায় চিকিৎসা ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণের বিষয়ে আলোচনা হয়। কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং পাশাপাশি বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণের বিষয়ে সকল কর্মকর্তা ও কর্মচারীর সার্বিক সহযোগিতা প্রত্যাশা করা হয়। আলোচনাকালে কোম্পানির বিভিন্ন ফিল্ড/লোকেশনে চিকিৎসক না থাকায় চিকিৎসক নিয়োগ কার্যক্রম তরান্বিত করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। তাছাড়া, বাখরাবাদ ফিল্ডের রিটেইনার ডাক্তার সম্প্রতি দায়িত্ব-অব্যাহতি নেয়ায় জরুরি ভিত্তিতে একজন রিটেইনার ডাক্তার নিয়োজিত করার নিমিত্ত সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। | কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে।<br><br>চিকিৎসক নিয়োগ কার্যক্রম তরান্বিত করেত হবে। বাখরাবাদ ফিল্ডে জরুরি ভিত্তিতে একজন রিটেইনার ডাক্তার নিয়োজিত করার ব্যবস্থা করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/উপ-মহাব্যবস্থাপক (বাখরাবাদ)/ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার, কোম্পানির সকল মেডিক্যাল অফিসার এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৬.৭। | মানবসম্পদ বিভাগ: | | |
| | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির লোকবল সংকটের বর্তমান অবস্থা বিবেচনা করে নিয়োগ কার্যক্রম তরান্বিত করা প্রয়োজন। | কোম্পানির পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুসরণপূর্বক কর্মকর্তা-কর্মচারী নিয়োগ কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে এবং দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ উপ-মহাব্যবস্থাপক (এইচআর) |
| ৭.০। | আর্থিক ও হিসাব কার্যক্রম : | | |
| ৭.১। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণে সকলের সচেষ্ট থাকা প্রয়োজন। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে অধিকতর সচেষ্ট হতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |
| ৮.০। | কোম্পানি সচিবালয় : | | |
| ৮.১। | সভাকে অবহিত করেন যে, ই-নথির আপগ্রেড ভার্সন ডিজিটাল নথির (ডি-নথি) উপর কোম্পানির কর্মকর্তাদের অংশগ্রহণে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। সরকারের ডি-নথি বাস্তবায়ন কমিটি কর্তৃক সহসাই বিজিএফসিএল-এর জন্য ডি-নথি চালু করা হবে বলে আশা করা যাচ্ছে। | ই-নথির আপগ্রেডেড ভার্সন ডিজিটাল নথি বা ডি-নথির উপর প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। বিজিএফসিএল-এ ডি-নথি দ্রুত চালুকরণের নিমিত্ত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ প্রকল্প পরিচালক |
| ৮.২। | মুজিব কর্ণার স্থাপন: | | |
| | সভাকে অবহিত করা হয় যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জাতীয় জীবনের স্মৃতিময় অবদানকে চিরন্তন করে রাখার প্রয়াসে রাষ্ট্রের সকল দপ্তরে মুজিব কর্ণার স্থাপন করা হচ্ছে। বিজিএফসিএল-এ মুজিব কর্ণার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হলেও করোনা পরিস্থিতিসহ অন্যান্য কারণে কাজটি সম্পাদন করা যায়নি। আলোচনাকালে ব্যবস্থাপন পরিচালক মতামত ব্যক্ত করেন যে, প্রধান কার্যালয়ের প্রবেশ মুখের উত্তরাংশে মুজিব কর্ণার স্থাপন করা যেতে পারে। তাছাড়া, দৃষ্টিনন্দন ও মানসম্পন্নভাবে মুজিব কর্ণার স্থাপনে ঢাকাস্থ স্বনামধন্য আর্কিট্যাক্ট/প্রতিষ্ঠানকে এ কাজে নিয়োজিত করা যেতে পারে। | প্রধান কার্যালয়ের প্রবেশ মুখের উত্তরাংশে মুজিব কর্ণার স্থাপনের কার্যক্রম গ্রহণ করতে হবে। দৃষ্টিনন্দন ও মানসম্পন্নভাবে মুজিব কর্ণার স্থাপনে ঢাকাস্থ স্বনামধন্য আর্কিট্যাক্ট/প্রতিষ্ঠানকে নিয়োজিত করে কাজটি সম্পাদন করতে হবে। | কোম্পানি সচিব |
| ৮.৩। | মহান জাতীয় সংসদের যাচিত তথ্য-উপাত্ত প্রেরণ: | | |

| | | | |
|---|---|---|---|
| | সভাকে অবহিত করা হয় যে, মহান জাতীয় সংসদ সর্বোচ্চ অগ্রাধিকার গণ্য বিধায় জাতীয় সংসদের প্রশ্নোত্তরসহ যাচিত তথ্য-উপাত্ত-প্রতিবেদন যথাসময়ে ও যথাযথভাবে প্রেরণ বাধ্যতামূলক। এতদসংক্রান্ত কার্যক্রম সম্পাদনের জন্য পেট্রোবাংলাসহ অধীনস্থ সকল কোম্পানিতে কাউন্সিল অফিসার ও বিকল্প কাউন্সিল অফিসার রয়েছে। কোম্পানির কাউন্সিল অফিসারদের জাতীয় সংসদ সংক্রান্ত কার্যক্রমে বিশেষভাবে সহযোগিতা করার জন্য সকল ডিভিশনাল ও বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হয়। পেট্রোবাংলার পরিচালক (অপারেশন এন্ড মাইন্স) মহোদয়ের সভাপতিত্বে অধীনস্থ সকল কোম্পানির কাউন্সিল অফিসার ও বিকল্প কাউন্সিল অফিসারগণের অংশগ্রহণে ৩০-৪-২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় বিষয়টি গুরুত্বের সাথে বিচেনার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | পেট্রোবাংলার পরিচালক (অপারেশন এন্ড মাইন্স) মহোদয়ের সভাপতিত্বে অধীনস্থ সকল কোম্পানির কাউন্সিল অফিসার ও বিকল্প কাউন্সিল অফিসারগণের অংশগ্রহণে ৩০-৪-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার নির্দেশনা মোতাবেক মহান জাতীয় সংসদের প্রশ্নোত্তরসহ যাচিত তথ্য-উপাত্ত-প্রতিবেদন প্রণয়নে কোম্পানির কাউন্সিল অফিসারগণকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানপূর্বক সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক |
| ৯.০। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | |
| ৯.১। | সভাকে অবহিত করা হয় যে, APA এর আওতাধীন কৌশলগত বিষয়সমূহ যথা: জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (E-Gov. & Innovation), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter), তথ্য অধিকার (RTI) প্রভৃতির বাস্তবায়ন সংক্রান্ত সরকারের যাচিত তথ্য/উপাত্ত/প্রতিবেদন যথাসময়ে ও যথাযথভাবে উপস্থাপন করা হচ্ছে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

সভার শেষ পর্যায়ে সভাপতি ধৈর্য ধরে উপস্থিত ও অংশগ্রহণের জন্য উপস্থিত সকল কর্মকর্তার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভায় উপস্থাপিত বিষয়াবলীর প্রতি আন্তরিক কর্মপ্রচেষ্টা প্রত্যাশা করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে ব্যবস্থাপনা পরিচালক সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
৮ বৈশাখ, ১৪২৯
২১ এপ্রিল, ২০২২

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২২.৭৪

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৯
২৮ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
২) সচিব (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৩) মহাব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।
৪) উপ-মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক (সকল), বিজিএফসিএল।
৫) ব্যবস্থাপক (মেঘনা), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৬) ব্যবস্থাপক (আইডব্লিউটি), ইনফরমেশন এন্ড ওয়েবসাইট টেকনোলজি শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৭) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৮) উপ-ব্যবস্থাপক, সিলিমপুর প্লান্ট, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোঃ হাবীবুর রহমান

কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক